



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.dhakadiv.gov.bd

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.২৭.০০৫.২৪-

৬৭৮

তারিখ: ০৬ বৈশাখ ১৪৩১
২১ এপ্রিল ২০২৪

অফিস আদেশ


যেহেতু, জনাব শাহাদাত হোসেন হাওলাদার, প্রধান শিক্ষক, ৫২ নং সিতাইকুল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতি এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন কিন্তু ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেননি;

যেহেতু, তাঁর লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সার্বিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব শাহাদাত হোসেন হাওলাদার, প্রধান শিক্ষক, ৫২ নং সিতাইকুল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতি এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতির” অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(২)(খ) মোতাবেক তাঁর ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো। স্থগিতকৃত বেতন বৃদ্ধি তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মীর্জা মোঃ হাসান খসরু)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
ফোন: ০২-৫৮০৫৩৩৬৭


স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.২৭.০০৫.২৪-

৬৭৮

তারিখ: ০৬ বৈশাখ ১৪৩১
২১ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ (চাকুরী বহিতে লিপিবদ্ধ করতে অনুরোধ করা হলো)।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ
- ৫। জনাব শাহাদাত হোসেন হাওলাদার, প্রধান শিক্ষক, ৫২ নং সিতাইকুল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ৬। সংরক্ষণ নথি।


(মোসাম্মদ মোসাম্মদ হায়দার)
সহকারী পরিচালক

প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা
০২-৫৮০৫৪৮৯৯